অবনত

নুয়েছি পাতার ধারে, তার সাংখ্য হাওয়া-সন্তরণে
জঙ্গল-খেলায় এসে কথা ভিজে ওঠে
আর খুব নীতিগ্রস্ত আদর পেয়ে
অবাধ্য হয়ে যেতে থাকে আমার শরীর
তখন অভিভূত --সফর বাজারে ; যে গণিতে
সংখ্যা চলে যেতে পারে খেলায়
এবং ভূতগ্রস্ত ফলের কাছে ঘনিষ্ঠ হতে পারে
পুরোনো বাউল সুর
আমার হাই উঠে আসে
জাগরণে --জল ছুঁবার আগে

মোস্তাক আহমেদ দীন



Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com